



জয় জোহার / তপশিলি বন্ধু পেনশন প্রকল্প অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তর এবং আদিবাসী উন্নয়ন দপ্তর

প্রকল্পটির উদ্দেশ্য

০১/০৪/২০২০ থেকে আদিবাসী মানুষদের জন্য জয় জোহার এবং তপশিলি জাতিভুক্ত মানুষদের জন্য তপশিলি বন্ধু প্রকল্প চালু হয়েছে। এই প্রকল্পে ৬০ বছর বা তার বেশি বয়সী মানুষদের রাজ্য সরকারের পক্ষ থেকে মাসে ১০০০ টাকা করে পেনশন দেওয়া হয়।

কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন:

পশ্চিমবঙ্গ রাজ্যে স্থায়ী ভাবে বসবাসকারী তপশিলি জাতিভুক্ত বা আদিবাসী সম্প্রদায়ের মানুষ যার বয়স ৬০ বছর বা তার বেশি কিন্তু তিনি অন্য কোনও রকম সামাজিক সুরক্ষামূলক প্রকল্পে ভাতা পান না এবং তাঁর নিজের নামে ব্যাঙ্কে অ্যাকাউন্ট আছে।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি:

- ১) নির্দিষ্ট নির্দেশানুসারে যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র (আবেদনপত্রে ক্রমিক সংখ্যার উল্লেখ থাকা প্রয়োজনীয়);
- ২) স্বপ্রত্যয়িত ঠিকানার যে কোন প্রমাণপত্র;
- ৩) জাতিগত শংসাপত্র না থাকলে বাবার দিকের আত্মীয়ের জাতিগত শংসাপত্র। পরবর্তী সময়ে নিজের জাতিগত শংসাপত্র আবেদনকারীকে জমা দিতে হবে।
- ৪) আবেদনকারীর ব্যাঙ্কের পাশবই IFS Code-সহ;
- ৫) আবেদনকারীর শনাক্তকরণ ও বয়সের প্রমাণপত্র (আধার কার্ড/ আধার তালিকাভুক্তি নম্বর/ খাদ্যসার্থী কার্ড);
- ৬) আবেদনকারীর মোবাইল নম্বর

যোগাযোগ:

গ্রামীন এলাকায় বিডিও অফিস, পৌর এলাকায় মহকুমাশাসক এবং কলকাতায় পুর কমিশনার-এর অফিসে যোগাযোগ করতে পারেন।